

## ৭০০০ পিস ইয়াবসহ ৫ জন গ্রেফতার



অদ্য ০৮/০৬/২০১৫ ইং তারিখ  
সময়ঃ ১৫.০০-১৬.০০ ঘটিকায়  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,  
ঢাকা মেট্রো উপ-অঞ্চলের  
সবুজবাগ সার্কেল এর পরিদর্শক  
জনাব মোঃ ফজলুল হক খান  
নেতৃত্বে গঠিত রেইডিং টিম  
ওয়ারী এলাকার পলাশী টোল  
প্লাজার সামনে একটি প্রাইভেট

কার তল্লাশী করে ৭,০০০(সাত হাজার) পিস ইয়াবা উদ্ধার ও প্রাইভেট কার সহ বর্ণিত ইয়াবা জব্দ করা হয়  
এবং উক্ত ইয়াবা সংরক্ষণের জন্য (১) শেখ রিয়াজুল ইসলাম শেখ (২৫), পিতাঃ মোঃ মাসুদ শেখ, সাং  
চাঁদমারী, কোটপাড়া, থানাঃ গোপালগঞ্জ (২) মোঃ মারুফ (২৯), পিতাঃ আবুল কাশেম, সাং ফরাজগঞ্জ, থানাঃ  
লালমোহন, জেলাঃ ভোলা (৩) মোঃ মনির হোসেন (২৩), পিতাঃ আবুল হাসান, সাং ধনাইয়া, চেয়ারম্যান  
বাড়ী, থানাঃ কচুয়া, (৪) মোঃ মামুন (২২) পিতাঃ মোঃ আলমগীর, সাং শ্যামপুর, তুলাতুলী বাজার থানাঃ  
ভোলা সদর, জেলাঃ ভোলা এবং (৫) মোঃ জিল্লুর রহমান (৩০), পিতাঃ মৃত সৈয়দ আলী, সাং ক্ষুদ্র রসুলপুর,  
থানাঃ সাদুউল্লাহপুর, জেলাঃ গাইবান্ধা কে গ্রেফতার করা হয়। গোপন সংবাদের ভিত্তিতে রেইডিং টিম চতুর্থ  
হতে নিয়ে আসা ইয়াবা উদ্ধারের জন্য বর্ণিত স্থানে অভিযান পরিচালনা করে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন,  
১৯৯০ মোতাবেক সবুজবাগ সার্কেলের পরিদর্শক জনাব মোঃ ফজলুল হক খান বাদী হয়ে ওয়ারী থানায়  
মামলা রুজুর প্রক্রিয়া চলছে। উদ্ধারকৃত ইয়াবার আনুমানিক মূল্য ২১,০০,০০০/- (একুশ লক্ষ) টাকা মাত্র।  
আসামীকে প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদে জানা যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আশেপাশে বিভিন্ন এলাকায় খুচরা  
মাদক ব্যবসায়ীদের কাছে বর্ণিত মাদকদ্রব্য পাইকারী বিক্রি করত।